এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়।

নং-০৩. ০৭. ২৬৬৬. ৬৬০. ৬৬.২২৮.২৩- তারিখঃ ২৯/৫/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- বেসরকারী স্বেচ্ছোসেবী ' ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' নিবন্ধন প্রসংগে।

'ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' নামক বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা বৈদেশিক অনুদান ( স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬এর ৪(৩)ধারা অনুযায়ী নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদন করেছে(পৃঃ০১-৭১)।সংস্থাটি আবেদন পর্যালোচনার জন্য নিম্নোক্তবিবরণী/তথ্যাদি দাখিল করেছেঃ

| ক্রঃ নং | বিবরণ | মন্তব্য | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ০১ | এফডি-১ ফরম(প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত)দাখিল করেছেন কিনা- | দাখিল করেছে | ৬৬-৭০ |
| ০২ | ছক মোতাবেক নির্বাহী কমিটির তালিকা দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৬২ |
| ০৩ | নির্বাহী কমিটির সদস্যদের জাতীয় পরিচ পত্র ও পাসপোর্ট সাইজের ছবি দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৫৫-৬১ |
| ০৪ | অন্য কোন আইনের আওতায় নিবন্ধন হয়ে থাকলে নিবন্ধন সনদপত্রের কপি দাখিল করেছে কিনা- | নিবন্ধিত | ৫২ |
| ০৫ | গঠনতন্ত্র (জয়েন্ট ষ্টককোম্পানী এন্ড ফার্ম/মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর /সাব রেজিষ্ট্রার কর্তৃক অনুমোদিত কিনা)দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৪০-৫১ |
| ০৬ | সংস্থার কার্যক্রম প্রতিবেদন দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ২৭-৩৯ |
| ০৭ | প্লান অব অপারেশন(কর্ম পদ্ধতি ও অর্গানোগ্রাম সভাপতি কর্তৃক স্বাক্ষরিত)দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ১১-২৫ |
| ০৮ | দাতা সংস্থার প্রতিশ্রুতি পত্র দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৬৩ |
| ০৯ | নির্ধারিত হারে ট্রেজারী চালানের কপি দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৬৫ |
| ৮ | নির্বাহী কমিটি অনুমোদন সংক্রান্ত সাধারন সভার কার্য-বিবরণী দাখিল করেছে কিনা- | দাখিল করেছ | ০৯-১০ |
| ১১ | সাধারন সদস্যদের নামের তালিকা দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৪৭-৪৮৮_ |
| ১২ | অন্য কোন নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা দাখিল করেছে কিনা- | দাখিল করেছে | ৫৩-৫৪ |
| ১৩ | ব্যুরোতে এ নামে অন্য কোন সংস্থা নিবন্ধিত আছে কিনা- | নাই | - |
| ১৪। | নিবন্ধন ফি বাবদ প্রদানকৃত চালনের ১৫% ভ্যাট প্রদান করা হয়েছে কিনা- | দাখিল করেছে | ৬৪ |
| ১৫ | বাংলাদেশ ব্যাংকের সিআইবি কর্তৃক নির্ধারিত Enquiry Form -1 এবং Enquiry Form-2 | দাখিল করেছে | ০১-০৮ |

০২। গত ০৮ জুন ২০২২ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নিবন্ধন ও বিদেশীদের কার্যানুমতিতে নিরাপত্তা ছাড়করণ বিষয়ক মতবিনিময় সভায় সিদ্ধান্ত মোতোবেক এবং এনজিও বিষয়ক ব্যুরোর ০৬/০৭/২০২২ তারিখের ইউও নোট নং-০৩.০৭.২৬৬৬.৬৫৭.৬৪.০৮০-২০-১১৪৩ মোতাবেক এনজিও বিষয়ক ব্যুরো নতুন নিবন্ধনের জন্য প্রাপ্ত আবেদন পরীক্ষান্তে সরাসরি মতামতের জন্য জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। তাঁরা স্ব-স্ব প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রতিবেদন প্রাপ্তির পর যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, নিম্মোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

(ক) সংস্থার নিবন্ধনের বিষয়ে মতামতের জন্য সংস্থার আবেদন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর,স্পেশাল ব্রাঞ্চ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ;
(খ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ এবং
(গ) দাতা সংস্থার অর্থ প্রদানের প্রতিশ্রুতি পত্র যাচাই করার জন্য ব্যুরো কর্তৃক পত্র প্রেরণ।

২৯/০৫/২০২৩
ফারুক আহমেদ চৌধুরী
উচ্চমান সহকারী

২৯.০৫.২৩
এ এস এম ইবনুল হাসান ইভেন
সহকারী পরিচালক-১

৩০/৫/২৩
পরিচালক (নিঃ ও অ:)
মোঃ আনোয়ার হোসেন
(যুগ্মসচিব)
পরিচালক (নিবন্ধন ও অডিট)

৩০/৫/২৩
মহাপরিচালক

পরিচালক (নিঃ ও অঃ)

০৫/০৬/২০২৩

Founder & Chairman

General Secretary

**বিষয়ঃ- সংস্থার নিবন্ধনের বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের আপত্তি সংক্রান্তে মতামত প্রদান প্রসংগে।**

৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি দেখা যেতে পারে (পৃঃ৭৫)। উক্ত পত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়' ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন'নামক সংস্থার নিবন্ধনের বিষয়ে আপত্তি জ্ঞাপন করেছে।

৫। এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আপত্তির পরিপ্রেক্ষিতে ' ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' সংস্থার নিবন্ধনের বিষয়ে এনজিও বিষয়ক ব্যুরোর অপারগতা সংস্থাকে জানিয়ে দেয়া যেতে পারে।

| | | |
|---|---|---|
| ফারুক আহমেদ চৌধুরী<br>উচ্চমান সহকারী | বিপুল চন্দ্র দাস<br>সহকারী পরিচালক-১ | পরিচালক (নি:ও০১:) |

**বিষয়ঃ- সংস্থার নিবন্ধনের বিষয়ে পুনঃবিবেচনার জন্য আবেদন প্রসংগে।৮**

৬। 'ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন ' হতে প্রাপ্ত নিবন্ধনের বিষয়ে পুনঃবিবেচনার আবেদন পত্রটি দেখা যেতে পারে (পৃঃ৭৮)। সংস্থাটি ব্যুরোতে নিবন্ধনের জন্য আবেদন করলে মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা হয় (পৃঃ ৭৩-৭৪)। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংস্থার নিবন্ধনের বিষয়ে আপত্তি জ্ঞাপন করায় (পৃঃ ৭৫) সংস্থাকে ব্যুরোর অপারগতা জ্ঞাপন করা হয় (পৃঃ৭৬। বর্তমানে সংস্থা পুনঃবিবেচনার জন্য আবেদন করেছে।

৭। সংস্থা জানিয়েছে যে, সংস্থাটি প্রতিষ্ঠালগ্ন হতে সমাজের দরিদ্র জনগোষ্ঠী দুঃস্থ মহিলা, আদিবাসী ও প্রতিবন্ধীদের উন্নয়নে কাজ করে যাচ্ছে। সংস্থাটি বর্তমানে উত্তরা তুরাগ বাওনিয়াতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে যেখানে ১৫৫ জন শিশু বিনামূল্যে মানসম্পন্ন শিক্ষা পাচ্ছে। পরিবেশ ও বন্যাকবলিত মানুষের মাঝে ত্রাণ বিতারণ, ঘর নির্মাণ, বিশুদ্ধ পানি প্রদানসহ দরিদ্র ও অসহায় মানুষের স্বাবলম্বী কার্যসক্রম পরিচালনা করে আসছে। জেলা প্রশাসক,ঢাকা জানিয়েছে যে, সংস্থাটির সার্বিক কার্যক্রম সন্তোষজনক এবং সংস্থাটির অনুকূলে নিবন্ধন প্রদান করা যেতে পারে মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেছে (পৃঃ ৭৭)। যেহেতু সংশ্লিষ্ট জেলা প্রশাসক মতামত প্রদান করেছে ,সেহেতু পুনরায় জেলা প্রশাসক এর নিকট মতামত গ্রহণের প্রয়োজনীয়তা নেই।

৮। এমতাবস্থায় ,সংস্থার নিবন্ধনের বিষয়ে পুনঃবিবেচনার আবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা যেতে পারে।

০৩/০২/২০২৫
ফারুক আহমেদ চৌধুরী
উচ্চমান সহকারী

০৩/০২/২৫
বিপুল চন্দ্র দাস
সহকারী পরিচালক-১

০৩/০২/২৫
পরিচালক (নি:অ:)

০৩/০২/২৫
মহাপরিচালক

জারী নং= ৩৫৪, তা= ০৩.০২.২৫

০৭। 'ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' সংস্থা গত ২৪/০৫/২০২৩ তারিখে এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধনের জন্য আবেদন করলে (পৃঃ৭১) তা প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষাক্রমে আবেদনটির উপর মতামত প্রদানের জন্য সুরক্ষা সেবা বিভাগে (পৃঃ৭৪),অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা হয় (পৃঃ১৭৩ )এবং দাতা সংস্থার নিকট যাচাইঅন্তে পত্র প্রেরণ করা হয় (পৃঃ৭২। পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ১১/১১/২০২৪ তারিখে সংস্থার নিবন্ধনের বিষয়ে আপত্তি প্রদান করায় (পৃঃ ৭৫) উক্ত সংস্থাকে ব্যুরোর অপারগতা জ্ঞাপন করে পত্র প্রদান করা হয় (পৃঃ ৭৬)। সংস্থা পরবর্তীতে পুনঃবিবেচনার জন্য ২৩/১২/২০২৪ তারিখে ব্যুরোতে আবেদন করলে (পৃঃ৭৮)পুনরায় মতামতের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয় (পৃঃ৭৯) যা নোটানুচ্ছেদ-০১-০৮ সদয় দেখা যেতে পারে।

১০। বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ পত্র নং-৫৮.০০.০০০০.০৩৩.৩২.০৮৪.২৩-৩৬৮ তারিখঃ ০৮/০৫/২০২৫ স্মারকে অনাপত্তি প্রদান করেছে (পৃঃ ৮৩ ) এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে মতামত পাওয়া গেছে (পৃঃ৮১-৮২)।অর্থাৎ উভয় বিভাগ থেকে ইতিবাচক মতামত পাওয়া গেছে । দাতা সংস্থার প্রতিশ্রুতি পত্র যাচাইয়ান্তে সঠিকতা পাওয়া গেছে (পৃঃ ৮০)।

১১। ''ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' সংস্থা'টি প্রাথমিক নিবন্ধন রেজিষ্ট্রার অব জয়েন্ট ষ্টক কম্পোনী কর্তৃক নিবন্ধন প্রাপ্ত। সংস্থা নিবন্ধন সনদ (পৃঃ৫২), অনুমোদিত গঠনতন্ত্র (পপৃঃ ৪০-৫১), অনুমোদিত নির্বাহী কমিটি (পৃঃ৫৩-৫৪), ব্যুরোর ছক মোতাবেক নির্বাহী কমিটি (পৃঃ৬২),এফডি-১ ফরম (পৃঃ৬৬-৭০), নিবন্ধন ফি বাবদ ৫০,০০০/-টাকার ট্রেজারী চালান (পৃঃ৬৫), ১৫% ভ্যাট বাবদ ৭৫০০/-টাকার চালান (পৃঃ৬৪), নির্বাহী কমিটির সদস্যদের ভোটার আইডি ও ছবি (পৃঃ৫৫-৬১), কার্যক্রম প্রতিবেদন (পৃঃ২৭-৩৯), সাধারন সদস্যদের নামের তালিকা (পঃপৃঃ৪৭-৪৮),দাতা সংস্থার প্রতিশ্রুতি পত্র (পঃপৃঃ৬৩),কার্যনির্বাহী কমিটি গঠনের রেজুলেশনসহ (পপৃঃ০৯-১০),প্লান অব অপারেশনসহ (পৃঃ১১-২৫)এবং বাংলাদেশ ব্যাংকের সিআইবি কর্তৃক নির্ধারিত Enquiry Form-১ and ২(পৃঃ০১-০৮))সহপ্রয়োজনীয় কাগপত্রাদি দাখিল করেছে।

১২। এমতাবস্থায়,''ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' সংস্থাকে বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ৪(৩)ধারা মোতাবেক মোতাবেক সনদপত্র স্বাক্ষরের/ইস্যুর তারিখ হতে ১০(দশ) বছরের জন্য নিবন্ধন প্রদান করা যেতে পারে।

১৩। নোটুচ্ছেদ-১২ এর প্রস্তাব সদয় বিবেচিত হলে সংস্থার অনুকূলে প্রস্তুতকৃত সনদপত্রে মহাপরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষর করা যেতে পারে।

ফারুক আহমেদ চৌধুরী
উচ্চমান সহকারী

শরিফ আহম্মেদ
সহকারী পরিচালক-১

পরিচালক (নি ও ম)

ডায়েরী নং = ৪৮৩. তাং- ২৪, ০৫, ২৫

১৫। নোটানুচ্ছেদ-০৯-১৩ সদয় দ্রষ্টব্য। নোটানুচ্ছেদ-১৪ এর নির্দেশের প্রেক্ষিতে জানানো যাসেচ্ছ যে, নথি পর্যালোচনায় দেখা সংস্থার নির্বাহী কমিটিতে (পৃঃ ৮৪-৮৫) একই পরিবারের একাধিক কোন সদস্য নেই। এছাড়া নিবন্ধন আবেদনকালিন সময়ে দাখিলকৃত নির্বাহী কমিটি বহাল আছে এখন পর্যন্ত কোন পরিবর্তন হয়নি মর্মে সংস্থা জানিয়েছে (পৃঃ৮৬)।

১৬। এমতাবস্থায়,''ইগনাইট গ্লোবাল ফাউন্ডেশন' সংস্থাকে বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ৪(৩)ধারা মোতাবেক মোতাবেক সনদপত্র স্বাক্ষরের/ইস্যুর তারিখ হতে ১০(দশ) বছরের জন্য নিবন্ধন প্রদান করা যেতে পারে।

১৭। নোটুচ্ছেদ-১৬ এর প্রস্তাব সদয় বিবেচিত হলে সংস্থার অনুকুলে প্রস্তুতকৃত সনদপত্রে মহাপরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষর করা যেতে পারে।

ফারুক আহমেদ চৌধুরী
উচ্চমান সহকারী

শরিফ আহম্মেদ
সহকারী পরিচালক-১

আসিফ মাহমুদ
পরিচালক (প্রকল্প-২)